

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ে ২৯ জুলাই, ২০১৯ তারিখ বেলা ৪:১৫ ঘটিকায় অনুষ্ঠিত জরুরি সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ২৯/০৭/২০১৯ খ্রিঃ

সময় : বেলা ৪:১৫ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সারাদেশে ডেঙ্গু ছড়িয়ে পড়ায় প্রতিরোধ ও চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য মনিটরিং জোরদারের লক্ষ্যে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে ও স্বাস্থ্য অধিদপ্তরে সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে। নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে সারাদেশে ডেঙ্গু আক্রান্তদের পরিসংখ্যান গ্রহণ করা হচ্ছে এবং চিকিৎসার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে এ বিষয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রতিরোধ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। স্বাস্থ্য সেবার কাজে নিয়োজিত সকল চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছুটি বাতিল ও কর্মসূল ত্যাগ না করা।
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)/সিভিল সার্জন (সকল)/পরিচালক/তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-গণ নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করবেনঃ
 - ২.১. সংশ্লিষ্ট হাসপাতাল, সেবা কেন্দ্র, বাসস্থানসহ সংশ্লিষ্ট এলাকায় ডেঙ্গু বংশবিস্তারের স্থানগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও মশার উষ্ণধ ছিটানো এবং আক্রান্ত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন।
 - ২.২. জনসচেতনতা সৃষ্টির জন্য মাইক্রো/লিফলেট বিতরণ/ব্যানার-ফেস্টুন তৈরি করে সরবরাহ করবেন।
 - ২.৩. সকল সরকারি ও বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে যথাসময়ে রোগীর সেবা প্রদান নিশ্চিত করবেন।
 - ২.৪. বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান যাতে অতিরিক্ত ফি আদায় করতে না পারে সে বিষয়ে মনিটরিং করবেন।
 - ২.৫. এ সকল কার্যক্রম পরিচালনার জন্য স্থানীয় জনপ্রতিনিধি, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয়সাধন করবেন।
 - ২.৬. যারা ডেঙ্গু নিয়ে সরকারি বা বেসরকারি হাসপাতালে ভর্তি হবে তাদের নাম টিকানা, টেলিফোন নম্বর, ড্লাই . গুপসহ অন্যান্য বিবরণী হাসপাতাল কর্তৃপক্ষ রেকর্ড করবেন।
- ৩। সরকারি/বেসরকারি/শিক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তিগত অফিস ভবন/মার্কেট ভবন/বসতবাড়ি/ফ্লাট এবং আজিনা স্ব-স্ব উদ্যোগে পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য মাঠ প্রশাসনকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা।

- ৪। ডেক্সু প্রতিরোধে বাস টার্মিনাল/রেল টেশন/নদী বন্দর/বিমানবন্দরসমূহে উষ্ণ ছিটানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা।
- ৫। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সহায়তা করার জন্য মাঠ প্রশাসনকে নির্দেশনা দেয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা।
- ৬। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য নিম্নলিখিত মনিটরিং টিম গঠন করা হলঃ

| ক্রমিক | কর্মসূচি | দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা হাসপাতালসমূহ |
|--------|---|---|
| ১. | ক) জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ খ) জনাব তপন কুমার বিশ্বাস, যুগ্মসচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপন), স্বাস্থ্য সেবা বিভাগ গ) জনাব মুহাম্মদ শাহদত খন্দকার, উপসচিব (নির্মাণ), স্বাস্থ্য সেবা বিভাগ ঘ) জনাব আজীম হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (মেরামত) | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও রাজশাহী বিভাগ |
| ২. | ক) জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য সেবা বিভাগ খ) উম্মে রেহানা, উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ গ) বেগম শামীমা নাসরিন, উপসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ ঘ) বেগম রোকেয়া বেগম, উপসচিব (পার-৪) ঙ) জনাব মোঃ রিয়াজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ | শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল ও ময়মনসিংহ বিভাগ |
| ৩. | ক) জনাব মসিউর রহমান, অতিরিক্ত সচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ খ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, যুগ্মসচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ গ) জনাব এসএম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রবা-২), স্বাস্থ্য সেবা বিভাগ ঘ) জনাব মোঃ শাখাওয়াত হোসেন, প্রশাসনিক কর্মকর্তা (প্রবা-২) | ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা ও বরিশাল বিভাগ |
| ৪. | ক) জনাব পারভীন আক্তার, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ খ) ড. গোলাম মোঃ ফারুক, উপসচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য সেবা বিভাগ গ) জনাব তানভির আহমেদ, উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ ঘ) জনাব মোহাম্মদ মুত্তল আমিন, ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ | ঢাকা শিশু হাসপাতাল ও খুলনা বিভাগ |

| | | |
|----|---|---|
| ৫. | <p>ক) জনাব মোহাম্মদ শাহাদত হোসেন, অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াফারি), স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>খ) জনব মোঃ শিরিন আহমেদ ওসমানী, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>গ) বেগম মাকসুদা ইয়াছমিন, উপসচিব (নার্সিং-২)</p> <p>ঘ) বেগম আনোয়ারা বেগম, প্রশাসনিক কর্মকর্তা (নার্সিং-১)</p> | কুর্মিটোলা জেনারেল হাসপাতাল ও চট্টগ্রাম বিভাগ |
| ৬. | <p>ক) জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব(বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>খ) খন্দকার জাকির হোসেন, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>গ) জনাব মোঃ শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>ঘ) সৈয়দ ফরহাদ হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ</p> | স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ হাসপাতাল ও সিলেট বিভাগ |
| ৭. | <p>ক) জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>খ) ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব (বাজেট-১), স্বাস্থ্য সেবা বিভাগ</p> <p>গ) জনাব মোঃ ছরোয়ার হোসেন, উপসচিব (ঔষধ প্রশাস্তি-১) শাখা</p> <p>ঘ) জনাব মঙ্গুর আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা (বাজেট)</p> | সরকারি কর্মচারী হাসপাতাল ও রংপুর বিভাগ |
| ৮. | <p>ক) জনাব মোহাম্মদ মাঝিনউদ্দিন চৌধুরী, যুগ্মসচিব (মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান)</p> <p>খ) জনাব মোঃ আবু রায়হান মিঞ্চা, উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)</p> <p>গ) বেগম উম্মে হাবিবা, সিনিয়র সহকারী সচিব (বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)</p> <p>ঘ) জনাব মোঃ তোফায়েল আহমেদ, ব্যক্তিগত কর্মকর্তা (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১)</p> | বাংলাদেশ কুয়েত মৈত্রী হাসপাতাল, উত্তরা, ঢাকা ও ঢাকা বিভাগ |

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাস্থ্য/
২৯-০৭-২০১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৬.১৭-১১২২

তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি:

অনুলিপি সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপাচার্য (সকল), মেডিকেল বিশ্ববিদ্যালয়।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনৈতি ইউনিট/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। পরিচালক/অধ্যক্ষ (সকল).....
- ১০। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, মতিবিল, ঢাকা।
- ১১। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা/বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
- ১৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল).....
- ১৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিট এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ১৮। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।


(শাফিনা আরু বেগুম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd